



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫



মুজিব
মুসলিম

নেতৃত্ব কমিটির ৪ৰ্থ সভার কাৰ্যবিবৰণী

২৩ জুন ২০২২ ;০৯ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ , সকাল :১০.৩০টা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নেতৃত্ব কমিটি'র ৪ৰ্থ সভা মাননীয় উপাচার্য ও কমিটি'র সভাপতি অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর সভাপতিত্বে ২৩.০৬.২০২২ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.৩০টা উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

- প্রফেসর ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (প্রশাসন) ও সদস্য, নেতৃত্ব কমিটি, বাউবি।
- প্রফেসর ড. মাহবুবা নাসৱীন, প্রো-উপাচার্য (শিক্ষা) ও সদস্য, নেতৃত্ব কমিটি, বাউবি (অন-লাইনে)
- প্রফেসর মোস্তফা আজাদ কামাল, ট্রেজারার ও সদস্য, নেতৃত্ব কমিটি, বাউবি।
- প্রফেসর সুফিয়া বেগম, ডিন, স্কুল অব এডুকেশন ও সদস্য, নেতৃত্ব কমিটি, বাউবি।
- প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর আলম, ডিন, এসএসএইচএল ও সদস্য, নেতৃত্ব কমিটি, বাউবি।
- ড. এ.এইচ.এম আনিসুর রহমান আখতার, পরিচালক, এসএসএস, ও সদস্য, নেতৃত্ব কমিটি, বাউবি।
- ড. মহাঘ শফিকুল আলম, রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নেতৃত্ব কমিটি, বাউবি।
- এম এস নাজনীন আখতার, যুগ্ম-পরিচালক (কাউন্সিল) টিম লিডার, এপিএ টিম.বাউবি। (আমন্ত্রণক্রমে)

উপাচার্য মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করার জন্য রেজিস্ট্রার ও সদস্য-সচিব, নেতৃত্ব কমিটি, বাউবি-কে নির্দেশ দেন। অতঃপর রেজিস্ট্রার মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি বিবেচনার জন্য সভায় উপস্থাপন করেন।

আলোচ্য-০১: বাউবি'র নেতৃত্ব কমিটির ১৩.০৪.২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় সভা (জরুরী সভা) এবং ১৩.০৪.২০২২ তারিখে অনুষ্ঠিত নেতৃত্ব কমিটির ৩য় সভা (জরুরী সভা) এর কাৰ্যবিবৰণী অনুসমৰ্থন।

সিদ্ধান্ত-০১ : বাউবি'র নেতৃত্ব কমিটির ১৩.০৪.২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় সভা (জরুরী সভা) এবং ১৩.০৪.২০২২ তারিখে অনুষ্ঠিত নেতৃত্ব কমিটির ৩য় সভা (জরুরী সভা) এর কাৰ্যবিবৰণী অনুসমৰ্থন করা হলো।

আলোচ্য-০২: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩)-এর বিভিন্ন কাৰ্যক্ৰম বাস্তবায়নের রূপরেখা নির্ধারণ।

সিদ্ধান্ত-০২ : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩)-এর বিভিন্ন কাৰ্যক্ৰম বাস্তবায়নের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:


X

১

৮৩৩

- (ক) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) বিভিন্ন কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ সংশ্লিষ্ট স্কুল/বিভাগ/আঞ্চলিক কেন্দ্র/ সেন্টার/সেল/উইং-কে অবহিতকরণ;
- (খ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) বিভিন্ন কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ কীভাবে বাস্তবায়নের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব তা নির্ধারণের জন্য কর্মশালার আয়োজনকরণ;
- (গ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) এর কার্যক্রমসমূহ বিভিন্ন স্কুল/ বিভাগ/ আঞ্চলিক কেন্দ্র/সেন্টার/সেল কীভাবে বাস্তবায়ন করবে তার একটি রূপরেখা তৈরি করে রেজিস্ট্রার ও টিম লিডার, এপিএ টিম, বাউবি বরাবরে আগামী ৩১.০৭.২০২২ তারিখের মধ্যে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়;
- (ঘ) প্রতিটি স্কুল/ বিভাগ/ আঞ্চলিক কেন্দ্র/সেন্টার/সেল তাদের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের প্রস্তাবিত রূপরেখার অনুযায়ী কতটুকু অর্জিত হয়েছে তার ৰ-মূল্যায়ন প্রতিবেদন প্রতি তিন মাস অন্তর (ত্রৈমাসিক রিপোর্ট) রেজিস্ট্রার ও টিম লিডার, এপিএ টিম, বাউবি বরাবরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মহাবুবুর রহমান
রেজিস্ট্রার

ও
সচিব-সদস্য, নেতৃত্বকারী কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।



অধ্যাপিক ড. সৈয়দ হুমায়ুন আখতার
উপাচার্য

ও
সভাপতি, নেতৃত্বকারী কমিটি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।